# বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের এলামনাই অ্যাসোসিয়েশন

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# Biotechnology and Genetic Engineering Alumni Association
## Islamic University

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩
বাংলাদেশ

**ইসলামী বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের এলামনাই অ্যাসোসিয়েশন**

## Biotechnology and Genetic Engineering Alumni Association, Islamic University (BTGEAAIU)

**১. সংগঠনের নামঃ** এই সংগঠনের নাম হবে "বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এলামনাই এসোসিয়েশন, ইসলামী বিশ্ববিদ্যালয় "

ইংরেজি নামঃ **Biotechnology and Genetic Engineering Alumni Association, Islamic University (BTGEAAIU)**

**২. অবস্থানঃ** এই সংগঠনের সদর দপ্তর এর অবস্থান হবে বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-৭০০৩, বাংলাদেশ।

**৩. মনোগ্রামঃ** এই সংগঠনের একটি মনোগ্রাম থাকবে।

**৪. প্রকৃতি ও বৈশিষ্ট্যঃ** এই সমিতিটি একটি অসাম্প্রদায়িক, অরাজনৈতিক এবং অলাভজনক সামাজিক সেবা সংস্থা।

**৫. উদ্দেশ্য ও লক্ষ্যঃ**

**ক).** এই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মূল লক্ষ্য হবে বিভিন্ন শিক্ষামূলক, সাংস্কৃতিক, সামাজিক ও কল্যাণমূলক কর্মসূচির মাধ্যমে দেশে-বিদেশে অবস্থানরত বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক যোগাযোগ এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন করা।

**খ).** বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের পাঠ্যক্রম এবং গবেষণার মানোন্নয়নে ভূমিকা রাখা।

**গ).** বিভাগ সংশ্লিষ্ট প্রগতিশীল চিন্তা চেতনা বিকাশে যেকোনো বিষয়ের উপর গবেষণা, সম্মেলন, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা, প্রকাশনা, ইত্যাদির আয়োজন করা।

**ঘ).** বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারি বিভাগের শিক্ষা সহায়ক ও উন্নয়নমূলক কর্মকান্ডে সহযোগিতা প্রদান করা।

**ঙ).** বর্তমান শিক্ষার্থীদের জন্য কল্যাণমুখী কর্মসূচি গ্রহণ ও সহায়তা প্রদান করা।

**চ).** অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য এবং বিভাগ সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সংকটকালে বৃহৎ অর্থে সমাজ ও মানব কল্যাণে যে কোনো কর্মসূচি গ্রহণ করা এবং সহযোগিতা প্রদান করা।

**ছ).** বিভাগের গ্রাজুয়েটদের কর্মসংস্থান প্রসারের বিষয়ের কর্মসূচি গ্রহণ করা এবং ভূমিকা রাখা।

**৬. কার্যাদিঃ**

**ক).** বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারি বিভাগের বর্তমান এবং স্নাতকগনের জন্য বিভিন্ন কর্মসূচির ব্যবস্থা করা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা।

**খ).** প্রাক্তন সদস্যদের মধ্যে যোগাযোগের সুবিধার্থে পুর্নমিলনী এবং অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা।

**গ).** তথ্য প্রচার ও প্রকাশের জন্য ম্যাগাজিন এবং নিউজলেটার প্রকাশ করা।

**ঘ).** সাহিত্য ও সাংস্কৃতিক বিকাশের জন্য কর্মসূচি পরিচালনা করা।

**ঙ).** দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার সুযোগ প্রশস্ত করার জন্য উপবৃত্তি/বৃত্তি /ফেলোশিপ প্রদান।

**চ).** সংগঠনের যথাযথ পরিচালনার জন্য নীতি ও নির্দেশিকা প্রণয়ন।

ছ). বিভাগের গ্রাজুয়েটদের কর্মসংস্থান প্রসারের বিষয়ে কর্মসূচি গ্রহন করা এবং ভূমিকা রাখা।

**৭. সদস্যপদঃ**

বাযয়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে স্নাতক/স্নাতকোত্তর/এম.ফিল/পি.এইচ-ডি ডিগ্রিধারী সকল ব্যক্তি এবং উক্ত বিভাগের সকল শিক্ষক মন্ডলী বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এলামনাই এসোসিয়েশন, ইসলামী বিশ্ববিদ্যালয় এর সদস্য বলে গন্য হবেন এবং এসোসিয়েশনের সকল অধিকার ও সুবিধা ভোগ করতে পারবেন ।

**০৮. সাংগঠনিক কাঠামোঃ** ইসলামী বিশ্ববিদ্যালয় বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের **৩ টি** পরিষদ থাকবে।

**ক). প্রতিনিধি পরিষদঃ** ইসলামী বিশ্ববিদ্যালয় বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের একটি প্রতিনিধি পরিষদ থাকবে। নির্বাহী পরিষদের সাথে প্রতিনিধি তার (সংশ্লিষ্ট) গ্রুপের সদস্যদের মধ্যে মেলবন্ধন হিসেবে কাজ করবে। বিভিন্ন শিক্ষাবর্ষের প্রতিনিধিগণ নির্বাহী পরিষদের সাথে স্বগ্রুপের তথ্য আদান-প্রদান অর্থ সংগ্রহ অথবা নির্বাহী পরিষদ নির্ধারিত দায়িত্ব পালন করবেন। প্রতিনিধিগণ স্বগ্রুপ থেকে নির্বাচিত হবেন। বিভাগ হতে **৩** জন শিক্ষক প্রতিনিধি পরিষদের সদস্য হিসেবে থাকবেন।

**প্রতিনিধি পরিষদ গঠনঃ** কার্য নির্বাহী পরিষদের সভাপতি এবং সাধারন সম্পাদক অথবা বর্তমান কার্য নির্বাহী পরিষদ হতে তাঁদের কোন প্রতিনিধি এবং সংশ্লিষ্ঠ শিক্ষাবর্ষে বর্তমান প্রতিনিধিদের সাথে যৌথভাবে উক্ত শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের সাথে সরাসরি/অনলাইনে (**Zoom Meeting**) যুক্ত হয়ে প্রতি শিক্ষা বর্ষ হতে সংখ্যা গরিষ্ঠ সমর্থন সাপেক্ষে দুজন প্রতিনিধি নির্বাচন করবেন। এভাবে প্রতি শিক্ষা বর্ষ হতে নির্বাচিত প্রতিনিধিগন প্রতিনিধি পরিষদের স্থায়ী সদস্য হিসেবে বিবেচিত হবেন। আরও উল্লেখ থাকে যে, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সভাপতিসহ মোট ০৪ জন শিক্ষক (বিভাগের একাডেমিক কমিটির অনুমোদন সাপেক্ষে) প্রতিনিধি পরিষদের স্থায়ী সদস্য হিসেবে বিবেচিত হবেন। উল্লেখ্য যে, এই প্রতিনিধি পরিষদের মেয়াদ হবে **২** বছর। যৌক্তিক কারনে মেয়াদ বাড়তে পারে তবে বর্ধিত মেয়াদ কোন ক্রমেই ছয় মাসের বেশি হবে না। প্রতি বছর ডিসেম্বর মাসে পরবর্তী দুই বছরের জন্য নতুন প্রতিনিধি পরিষদ গঠিত হবে। নতুন প্রতিনিধি পরিষদ শপথ নেওয়ার সাথে-সাথে

পূর্ববর্তী সকল পরিষদ বিলুপ্ত বলে গন্য হবে। নব-নির্বাচিত প্রতিনিধি পরিষদ শপথ নেওয়ার এক সপ্তাহের মধ্যে নির্বাহী পরিষদ গঠন করবে।

**খ).<u>নির্বাহী পরিষদঃ</u>** ইসলামী বিশ্ববিদ্যালয় বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সার্বিক কার্যাবলী পরিচালনার জন্য একটি নির্বাহী পরিষদ থাকবে। সমিতির কার্যনির্বাহী পরিষদ প্রতিনিধি সভায় নির্বাচিত হবে এবং কমিটির মেয়াদ দুই বছর হবে। কার্যনির্বাহী/নির্বাহী পরিষদের গঠন হবে নিম্নরূপ এবং পরিষদ **১৫** জন সদস্য সমন্বয়ে গঠিত হবে।

| | |
|---|---|
| সভাপতি | একজন |
| সহ-সভাপতি | একজন |
| কোষাধ্যক্ষ | একজন |
| সাধারণ সম্পাদক | একজন |
| যুগ্ম সম্পাদক | একজন |
| সাংগঠনিক সম্পাদক | একজন |
| দপ্তর সম্পাদক | একজন |
| সাংস্কৃতিক সম্পাদক | একজন |
| প্রচার ও জনসংযোগ সম্পাদক | একজন |
| প্রকাশনা সম্পাদক | একজন |
| নির্বাহী সদস্য | পাঁচজন |

**<u>সর্বমোট</u>- ১৫ জন**

**<u>নির্বাহী পরিষদ গঠনঃ</u>** কেবলমাত্র প্রতিনিধি পরিষদের সদস্যরা নির্বাহী পরিষদে বিভিন্ন পদে প্রার্থী হতে এবং ভোধিকার প্রয়োগ করতে পারবেন। সমিতির প্রতিনিধি সভায় নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি সদস্যের মধ্য হতে নতুন নির্বাহী পরিষদ গঠিত হবে (অনলাইনে/অফলাইনে)। উল্লেখ্য যে, প্রতিনিধি পরিষদের যে, সকল সদস্য বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে কর্মরত আছেন কেবলমাত্র তারাই কোষাধক্ষ্য পদটির জন্য নির্বাচিত হতে পারবেন। কার্যকারী পরিষদ গঠনের ক্ষেত্রে বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সভাপতি নির্বাচন কমিশন হিসেবে কাজ করবে। আরো উল্লেখ থাকে যে, এই নির্বাহী পরিষদের মেয়াদ হবে দুই বছর। যৌক্তিক কারনে মেয়াদ বাড়তে পারে তবে বর্ধিত মেয়াদ কোন ক্রমেই ছয় মাসের বেশি হবে না।

**০৯. <u>নির্বাহী পরিষদের কর্মকর্তাদের দায়িত্ব এবং কর্মপরিধিঃ</u>** নির্বাহী পরিষদ সমিতির উদ্দেশ্য ও লক্ষ্য বাস্তবায়নের জন্য দায়বদ্ধ এবং কর্মসূচি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ, বিধি ও পদ্ধতি জারি এবং কার্যকর করার কর্তৃত্ব/ অধিকার সংরক্ষণ করবে। কার্যনির্বাহী কমিটি সমিতির কোন বিশেষ ক্রিয়াকলাপ বা কর্মসূচী নিয়ে কাজ করার জন্য

উপ-কমিটি নিয়োগ করতে পারে। নির্বাহী পরিষদের সদস্যবৃন্দ গঠনতন্ত্র অনুযায়ী দায়িত্ব পালন করবে এবং প্রতিনিধি পরিষদের কাছে সমস্ত কাজের জন্য দায়বদ্ধ থাকবে।

**ক). সভাপতিঃ** ইসলামী বিশ্ববিদ্যালয় বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি হবেন সংগঠনের নিয়মতান্ত্রিক প্রধান। তিনি সাধারণ সম্পাদককে সভা আহবান এর জন্য পরামর্শ অথবা নির্দেশ দিতে পারবেন। কোন সভায় ভোটা ভুটিতে সাম্যবস্থা বিরাজ করলে অর্থাৎ উভয় পক্ষ সমান ভোট পেলে সভাপতি তার ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

**খ). সহ-সভাপতিঃ** সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন।

**গ). কোষাধ্যক্ষঃ** তিনি সংগঠনের সমস্ত হিসাব সংরক্ষণ করবেন এবং প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন করবেন। তিনি সংগঠনের পক্ষ থেকে অর্থ প্রাপ্তির খাত নির্ধারণ এবং সমস্ত তহবিল সংগ্রহ করবেন। তিনি বাজেট বন্টন, অনুমোদন এবং অনুমোদিত বাজেটের অর্থ যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সভাপতি-সাধারণ সম্পাদককে সহযোগিতা করবেন। সমিতির ব্যাংক হিসাব পরিচালনার ক্ষেত্রে অ্যাসোসিয়েশনের সভাপতি ও কোষাধক্ষ্য এবং বিভাগের সভাপতি মহোদয়ের সাথে যৌথভাবে অ্যাকাউন্ট পরিচালনা করবেন (যে কোন দুই জনের স্বাক্ষরে টাকা উত্তোলন করা যাবে), সমস্ত অর্থ প্রাপ্তি এবং খরচের হিসাব কোষাধক্ষ্য দ্বারা স্বাক্ষরিত হতে হবে। কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে নির্বাহী পরিষদের অনুমতি সাপেক্ষে সভাপতি মহোদয় সমিতির নির্বাহী সদস্যদের মধ্য থেকে কাউকে কোষাধক্ষ্য হিসেবে দায়িত্ব পালনের জন্য নির্ধারণ করতে পারবেন।

**ঘ). সাধারণ সম্পাদকঃ** সাধারণ সম্পাদক হবেন সংগঠনের প্রধান নিবার্হী। তিনি সভাপতির পরামর্শক্রমে সভা আহবান করবেন, সভা পরিচালনা করবেন এবং সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন। তিনি সংগঠনের সকল কার্যক্রম পরিচালনা, সমন্বয় সাধন এবং নির্বাহী পরিষদের নির্দেশাবলী পালন করবেন। তিনি আর্থিক বিষয় ব্যতীত সমিতির সকল কার্যক্রমের জন্য দায়বদ্ধ থাকবেন এবং বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং উপস্থাপন করবেন।

**ঙ). যুগ্ম সম্পাদকঃ** সাধারণ সম্পাদকের দায়িত্ব পালনে সহযোগিতা করবেন এবং নির্বাহী পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন। সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

**চ). সাংগঠনিক সম্পাদকঃ** সাংগঠনিক সম্পাদক সংগঠনের বিভিন্ন সভা আয়োজনে এবং বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে (সম্মেলন, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা) সাধারণ সম্পাদক এবং সংশ্লিষ্ট সম্পাদককে সহযোগিতা করবেন। সাংগঠনিক ঐক্য প্রতিষ্ঠার ক্ষেত্রে এবং সংগঠনকে গতিশীল করতে ভূমিকা পালন করবেন।

**ছ). দপ্তর সম্পাদকঃ** দপ্তর সম্পাদক সংগঠনের সকল সদস্যদের নামের তালিকা এবং মিটিং এর সিদ্ধান্ত সহ সমস্ত তথ্য এবং নথি সংরক্ষণ করবেন। সাধারণ সম্পাদক কে নির্বাহী পরিষদের কর্মকার্তা এবং সভা পরিচালনায় সহযোগিতা করবেন।

**জ). সাংস্কৃতিক সম্পাদকঃ** সাংস্কৃতিক সম্পাদক এর কাজ হবে সাহিত্য ও সংস্কৃতি বিকাশে কর্মসূচি প্রণয়ন করা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।

**ঝ). ক্রীড়া সম্পাদকঃ** সংগঠনের সদস্যদের বিভিন্ন ক্রীড়ার আয়োজন এবং পরিচালনা করা।

**ঞ). <u>প্রচার ও জনসংযোগ সম্পাদকঃ</u>** প্রচার ও জনসংযোগ সম্পাদক সংগঠনের সাধারণ সদস্যদের এবং সংগঠনের সাথে অন্যান্য প্রতিষ্ঠান এবং ব্যক্তির মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগ রক্ষা করবেন। বিভিন্ন অনুষ্ঠান এবং কর্মসূচির প্রচার এর জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন। তথ্য প্রচার ও প্রকাশের জন্য ম্যাগাজিন এবং নিউজ লেটার প্রকাশ করবেন।

**ট). <u>প্রকাশনা সম্পাদকঃ</u>** নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সমস্ত প্রকাশনা সংশ্লিষ্ট কাজ সম্পাদন করবেন এবং সমস্ত প্রকাশনা সংরক্ষন করবেন।

**ঠ). <u>নির্বাহী সদস্যঃ</u>** নির্বাহী সদস্য গণ সমিতির কার্যক্রমে এবং সভায় অংশগ্রহণ করবেন এবং মতামত দেবেন। সাধারণ সম্পাদক সহ সংশ্লিষ্ট সম্পাদকের কাজে সহযোগিতা করবেন। নির্বাহী পরিষদ কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করবেন। যে কোনও নির্বাহী সদস্য কার্যনির্বাহী কমিটি দ্বারা গঠিত যে কোনও উপ-কমিটিতে মনোনীত হতে পারেন।

**১০. <u>পদত্যাগ ও শূন্য পদ ঃ</u>** কোন কারণে সভাপতি ও সাধারণ সম্পাদকের পদ শূন্য হলে সহ-সভাপতি বা যুগ্ম-সম্পাদক যথাক্রমে সভাপতি এবং সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করবেন। অন্য কোন পদ শূন্য হলে নির্বাহী পরিষদের সদস্যদের দায়িত্ব দিতে পারবেন। সভাপতির কোন কারণে পদত্যাগ করতে চাইলে সহ-সভাপতির কাছে পদত্যাগপত্র জমা দেবেন। নির্বাহী পরিষদ কোন সদস্য, সহ-সভাপতি অথবা সম্পাদক পদত্যাগ করতে চাইলে সভাপতির কাছে পদত্যাগপত্র জমা দেবেন। পদত্যাগপত্র নির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত হতে হবে।

**<u>উপ-কমিটিঃ</u>** অ্যাসোসিয়েশনের বিভিন্ন কার্যাবলী সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষে প্রতিনিধি পরিষদ ও সাধারন পরিষদের সদস্যদের সমন্বয়ে বিভিন্ন উপ-কমিটি গঠন করা যেতে পারে। তবে এই উপ-কমিটি গঠন করার ক্ষমতা থাকবে কার্যনির্বাহী পরিষদের উপর। উল্লেখ্য কার্যাদি সম্পন্ন হওয়ার পর এই উপ-কমিটি বিলুপ্ত বলে বিবেচিত হবে।

**<u>১১.সভাঃ</u>**

**ক). <u>কার্যনির্বাহী পরিষদের সভাঃ</u>** বছরে অন্তত চারটি নির্বাহী পরিষদের সভা (**Online/Offline**) অনুষ্ঠিত হবে। কার্যনির্বাহী সভার জন্য ন্যূনতম **৭** থেকে **১৫** দিন পূর্বে বিজ্ঞপ্তি দিয়ে সভা আহবান করতে হবে। জরুরী সভার ক্ষেত্রে ন্যূনতম তিন দিনের বিজ্ঞপ্তি দিয়ে সভা আহবান করতে হবে। বিশেষ পরিস্থিতিতে প্রয়োজনীয় বিবেচিত হলে সভাপতি কর্তৃক **২** ঘণ্টার নোটিশে কার্যনির্বাহী কমিটির একটি বিশেষ সভা ডাকা যেতে পারে।

**খ). <u>প্রতিনিধি পরিষদের সভাঃ</u>** নির্বাহী পরিষদ সমিতির দ্বিবার্ষিক প্রতিনিধি সভা আয়োজন করবে **(Online/Offline)** । ৭-**১৫** দিন আগে বিজ্ঞপ্তি দিয়ে এই সভা আহবান করতে হবে। এই সভায় সাধারণ সম্পাদক তার দায়িত্বপ্রাপ্ত সময়ের প্রতিবেদন উপস্থাপন করবেন। উক্ত নির্বাহী পরিষদের সিদ্ধান্ত বার্ষিক প্রতিনিধি সভায় অনুমোদিত হতে হবে। কোন সিদ্ধান্ত প্রতিনিধি সভা অনুমোদন না করলে তা বাতিল বলে বিবেচিত হবে। দ্বিবার্ষিক প্রতিনিধি সভায় কোষাধক্ষ্য আর্থিক প্রতিবেদন উপস্থাপন করবেন আর্থিক হিসাব প্রতিনিধি পরিষদের অনুমতি সাপেক্ষে নিরীক্ষা সহ অথবা নিরীক্ষা ছাড়া পাশ হতে পারে। এই সভায় সকল সদস্যের বার্ষিক চাঁদার হার নির্ধারন করা হবে এবং প্রতিনিধিগন স্ব-স্ব ব্যাচ থেকে তা সংগ্রহ করে অ্যাসোসিয়েশনের তহবিলে জমা করবে।

গ). **<u>সাধারন সভাঃ</u>** প্রতিবছর **১**বার অ্যাসোসিয়েশনের সকল সদস্যের সমন্বয়ে বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হবে **(Online/Offline)**। এই সভা অনুষ্ঠানের যাবতীয় বিষয়ে কার্যনির্বাহী পরিষদের সভায় সিদ্ধান্ত গৃহিত হবে। এই সভায় অ্যাসোসিয়েশনের সার্বিক বিষয়ে আপলোচনা হবে এবং আলোচনার ভিত্তিতে দিক নির্দেশনা প্রদান করবে যা কার্যনির্বাহী পরিষদ বাস্তবায়িত করবে।

**১২. <u>কোরাম ও সবার সিদ্ধান্ত গ্রহনঃ</u>**

**ক).** দ্বিবার্ষিক প্রতিনিধি সভার মোট সদস্যের দুই তৃতীয়াংশের উপস্থিতি কোরাম হবে এবং সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নেয়া যাবে।

**গ).** নির্বাহী পরিষদের মোট নির্বাহী সদস্য দুই-তৃতীয়াংশের উপস্থিতিতে কোরাম হবে এবং সদস্যদের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে। বিশেষ ক্ষেত্রে কোন সদস্য সভায় উপস্থিত না থেকেও তার লিখিত সম্মতি সভা কর্তৃক গৃহীত হতে পারে।

**১৩.** আর্থিক হিসাব পরিচালনার জন্য অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এলামনাই এসোসিয়েশন শিরোনামে একটি ব্যাংক হিসাব থাকবে। যা অ্যাসোসিয়েশনের সভাপতি ও কোষাধ্যক্ষ্য এবং বিভাগের সভাপতি স্বাক্ষর এ পরিচালিত হবে। উল্লেখ্য যে, কোন দুই জনের স্বাক্ষরে টাকা উত্তোলন করা যাবে।

**১৪. <u>নিরীক্ষকঃ</u>** সমিতির কোন পদে থাকবেন না এমন দুজন ব্যক্তিকে নিরীক্ষক হিসেবে নিয়োগ দেওয়া যাবে। তাদের নিয়োগ হবে দুই বছরের জন্য তবে তা বর্ধিত হতে পারে। নিরীক্ষকগণ সমিতির ব্যাংক হিসাব এবং আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা করবেন এবং প্রতিনিধি সভার জন্য একটি প্রতিবেদন অথবা প্রশংসা পত্র তৈরি করবেন। নিরীক্ষকগণ তাদের যে কোনও তারিখের কার্যকালের মেয়াদে যে কোন সময়ের জন্য সমিতির অ্যাকাউন্ট গুলির নিরীক্ষণ এবং কমিটির কাছে প্রতিবেদন দেওয়ার প্রয়োজন হতে পারে।

**১৫. <u>সমিতির শাখাঃ</u>** নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে দেশে বা দেশের বাইরে বিভিন্ন স্থানে সমিতির শাখা স্থাপন করা যেতে পারে। শাখা সমিতির গঠনতন্ত্রের মূল মর্মের আলোকে পরিচালিত হবে।

**১৬. <u>গঠনতন্ত্রের ব্যাখ্যা ও পরিবর্তনঃ</u>**

**ক).** গঠনতন্ত্রের ব্যাখ্যার ক্ষেত্রে নির্বাহী পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে, তবে প্রতিনিধি পরিষদে এই বিষয়ে আপিল করা যাবে।

**খ).** গঠনতন্ত্রে উল্লেখ নেই এমন বিষয়গুলি নির্বাহী পরিষদ অথবা প্রয়োজনবোধে প্রতিনিধি পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সম্পাদন করা যেতে পারে।

**গ).** একটি প্রতিনিধি সভার সিদ্ধান্ত ব্যতীত এই সংবিধান পরিবর্তন বা সংশোধন করা যাবে না।

**ঘ).** এই গঠনতন্তের যে কোন বিধান/প্রয়োজনীয়তা বার্ষিক প্রতিনিধি সভার সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠের মাধ্যমে সংশোধন করা যেতে পারে।

**ঙ).** গঠনতন্ত্র সংশোধন করার প্রস্তাব কার্যনির্বাহী কমিটির নির্দেশে বা স্বাক্ষরিত অনুরোধের ভিত্তিতে হবে।